

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

নথি নং-১৮.৭০৭.০৪৭.০০.০০.২৫৮.২০২২/১৭০

তারিখঃ ১৮/০৫/২০২৩

জনাব মোঃ মাজহারুল ইসলাম
সহকারী
নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ
বিআইডব্লিউটিএ, সদরঘাট, ঢাকা

ও

বদলীকৃত কর্মস্থলঃ
বন্দর ও পরিবহন বিভাগ
বিআইডব্লিউটিএ, বরিশাল।

বিষয়ঃ অভিযোগনামা।

যেহেতু, আপনি জনাব মোঃ মাজহারুল ইসলাম, সহকারী, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, সদরঘাট, ঢাকা-কে কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-৬৭৫/২০২৩, তারিখঃ ০৬/০৪/২০২৩ দ্বারা বন্দর ও পরিবহন বিভাগ, বরিশাল নদী বন্দর, বিআইডব্লিউটিএ, বরিশালে একই পদে বদলী পূর্বক পদায়ন করা হয়; যেহেতু, দপ্তর আদেশ জারীর তারিখ হতে আদেশটি কার্যকরের নির্দেশনা থাকলেও আপনি বদলীকৃত কর্মস্থলে যোগদান না করার উদ্দেশ্যে উক্ত দপ্তর আদেশটি রদ ও রহিত করার জন্য গত ১২/০৪/২০২৩ তারিখ যথাযথ প্রক্রিয়া অনুসরণ না করে সরাসরি চেয়ারম্যান এর নিকট একটি আবেদন পত্র দাখিল করেন; যেহেতু, আপনি কর্তৃপক্ষের নির্দেশনা অমান্য করে চেয়ারম্যানের নিকট আবেদন করেন, যা কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী শৃঙ্খলা বিধির পরিপন্থি;

যেহেতু, আপনি আবেদন পত্রে উল্লেখ করেন, দেশের প্রচলিত আইন অনুযায়ী আপনাকে বদলী করা আইন অমান্যের শামিল; যেহেতু, কর্তৃপক্ষের প্রবিধানমালা অনুযায়ী চাকুরীর ক্ষেত্রে বদলী একটি চাকুরী বিধিগত প্রক্রিয়া; যেহেতু, আপনি কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে যোগদান না করার উদ্দেশ্যে এরূপ আবেদনপত্র দাখিল করেন; যেহেতু, আপনার আবেদনপত্রের উল্লিখিত বক্তব্য ঔদ্ধত্যপূর্ণ, অসৌজন্যমূলক ও দাপ্তরিক শিষ্টাচার বর্হিত;

যেহেতু, আপনার উপর্যুক্ত কার্যকলাপ বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৫(ক) এবং ৩৫(খ) প্রবিধান অনুসারে যথাক্রমে “দায়িত্ব পালনে অবহেলা” এবং “অসদাচরণ” এর আওতাভুক্ত;

সেহেতু, উল্লিখিত কার্যকলাপের জন্য বাঅনৌপ কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৬(১)(আ) প্রবিধান অনুযায়ী আপনার প্রতি যে কোন গুরু দন্ড কেন আরোপ করা হবে না অত্র অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে তার জবাব প্রদানের জন্য বলা হলো।

স্বাক্ষরিত

(কমডোর আরিফ আহমেদ মোস্তফা)

১ চেয়ারম্যান

বিআইডব্লিউটিএ।

অনুলিপি

০১। পরিচালক, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।

০২। পরিচালক, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা (বিআইডব্লিউটিএ'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

০৩। যুগ্ম-পরিচালক, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, সদরঘাট, ঢাকা।


০৪। যুগ্ম-পরিচালক, বন্দর ও পরিবহন বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল।

০৫। উপ-পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল।

০৬। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।

০৭। সহকারী পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, সদরঘাট, ঢাকা।

০৮। ব্যক্তিগত নথি।



(কাজী ওয়াকিল নওয়াজ)

পরিচালক(প্রশাসন ও মানব সম্পদ)

বিআইডব্লিউটিএ।